গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জনপ্রশাসন মন্ত্রণালয়
প্রশাসন-১ শাখা
www.mopa.gov.bd

নং-০৫.০০.০০০০.১১০.০০.০৯২.১৪-৬১৩ তারিখঃ ১৭ বৈশাখ, ১৪২৫ বঙ্গা. / ৩০ এপ্রিল, ২০১৮ খ্রি.

**বিষয়ঃ বঙ্গবন্ধু স্যাটেলাইট-১ উৎক্ষেপণ উপলক্ষে আয়োজিত অনুষ্ঠান সংক্রান্ত।**

সূত্রঃ নং-১৪.০০.০০০০.০২২.১৮.০০১.১৮-৬৭, তারিখঃ ২৫/০৪/২০১৮খ্রি.।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের বরাতে ডাক ও টেলিযোগাযোগ বিভাগ হতে প্রাপ্ত পত্রটি যথাযথভাবে অনুসরণ পূর্বক পরবর্তী প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য নির্দেশক্রমে এতদ্‌সংগে প্রেরণ করা হলো।

সংযুক্তঃ ০২ ফর্দ।

৩০/৪/১৮
(মোঃ মশিউর রহমান)
উপসচিব
ফোন-৯৫৪০২১৮
admint@mopa.gov.bd

বিতরণ:

১. বিভাগীয় কমিশনার, (ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/বরিশাল/সিলেট/রংপুর/ ময়মনসিংহ) বিভাগ।
২. জেলা প্রশাসক, সকল।
(তাঁর আওতাধীন উপজেলা নির্বাহী কর্মকর্তাগণকে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের নির্দেশনা প্রদানের অনুরোধসহ)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, নরসিংদী
(আইসিটি শাখা)

স্মারক নং- ০৫.৩০.৬৮০০.১২২.০১.০০৭.১৭- ৮৪ তারিখঃ ১৭ বৈশাখ ১৪২৫ বঙ্গাব্দ / ৩০ এপ্রিল ২০১৮ খ্রিস্টাব্দ

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে, বঙ্গবন্ধু স্যাটেলাইট-১ উৎক্ষেপন উপলক্ষে আয়োজিত অনুষ্ঠানসমূহ তার উপজেলা এবং ইউনিয়নে পত্রের নির্দেশনামতে যথাযথভাবে বহুল প্রচারের ব্যবস্থা গ্রহণ করে এ কার্যালয়কে অবহিত করার জন্য অনুরোধ করা হলো।

৩০/০৪/১৮
**মোঃ সাইফুল ইসলাম**
অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি)
নরসিংদী
ফোন +৮৮০২৯৪৬৩২৫১
ফ্যাক্স +৮৮০২৯৪৬৪৪৩৩
E-mail:adcictnarsingdi@gmail.com

১। উপজেলা নির্বাহী অফিসার (সকল)
নরসিংদী সদর/পলাশ/শিবপুর/মনোহরদী/বেলাব/রায়পুরা

২। জেলা তথ্য অফিসার
নরসিংদী

অনুলিপি, সদয় জ্ঞাতার্থে প্রেরণ করা হলোঃ

১। উপপরিচালক, স্থানীয় সরকার, নরসিংদী
২। অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক, রাজস্ব)/ অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, নরসিংদী
৩। সহকারী কমিশনার (গোপনীয়), নরসিংদী (জেলা প্রশাসক, মহোদয়ের সদয় অবগতির জন্য)
৪। অফিস কপি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ডাক, টেলিযোগাযোগ ও তথ্য প্রযুক্তি মন্ত্রণালয়
ডাক ও টেলিযোগাযোগ বিভাগ
অতিরিক্ত সচিব(প্রশাসন) এর দপ্তর
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

নং-১৪.০০.০০০০.০২২.১৮.০০১.১৮-৬৭

২৫ এপ্রিল, ২০১৮ খ্রি:
১২ বৈশাখ, ১৪২৫ ব:

বিষয়ঃ বঙ্গবন্ধু স্যাটেলাইট-১ উৎক্ষেপণ উপলক্ষে আয়োজিত অনুষ্ঠান প্রসঙ্গে।

বিষয়ের প্রতি দৃষ্টি আকর্ষণপূর্বক জানানো যাচ্ছে যে, দেশ ও জাতির বহুল প্রতীক্ষিত বঙ্গবন্ধু স্যাটেলাইট-১ আমেরিকার সময় আগামী ০৭ মে, অপরাহ্ন ৩:০০ টা থেকে ৫:০০ টা এর মধ্যে যা বাংলাদেশ সময় ০৭ মে দিবাগত রাত ১:০০ টা থেকে ৩:০০ টার মধ্যে (অর্থাৎ ০৮ মে, ২০১৮) ফ্লোরিডা থেকে মহাকাশে উৎক্ষেপণ করা হবে।

এ উপলক্ষে জেলা ও বিভাগীয় শহরের জন্য নিম্নবর্ণিত কর্মসূচি গ্রহণ করা হয়েছেঃ

ক. ফ্লোরিডা থেকে উৎক্ষেপণ অনুষ্ঠান বিটিভিসহ বিভিন্ন চ্যানেল সরাসরি সম্প্রচার করবে। জেলা প্রশাসন জেলার তথ্য অফিসের সহায়তা নিয়ে সরাসরি সম্প্রচার অনুষ্ঠানটি জেলার গুরুত্বপূর্ণ স্থান থেকে সকল জনসাধারনের জন্য বড় পর্দায় সম্প্রচারের ব্যবস্থা গ্রহণ করবে।

খ. আগামী ০৮ মে, ২০১৮ তারিখ সকাল ১০:০০ টায় বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্রে মাননীয় প্রধানমন্ত্রীর উপস্থিতিতে একটি অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে। এই অনুষ্ঠানটিও বিটিভি সরাসরি সম্প্রচারের ব্যবস্থা গ্রহণ করবে। জেলা প্রশাসন তথ্য অফিসের সহায়তা গ্রহণ করে এক বা একাধিক সুবিধাজনক স্থানে বড় পদার্য় অনুষ্ঠানটি সর্বসাধারনের দেখার জন্য ব্যবস্থা গ্রহণ করবে।

গ. আগামী ০৮ মে, ২০১৮ তারিখ সন্ধ্যায় ৭:৫৫ মিনিটে জেলা ও বিভাগীয় শহরে আতশবাজি প্রদর্শনীর ব্যবস্থা গ্রহণ করা হবে। বঙ্গবন্ধু স্যাটেলাইট-১ উৎক্ষেপণ প্রকল্প থেকে নিয়োজিত ঠিকাদার প্রতিষ্ঠান জনাব মোঃ হাবিবুর রহমান শেখ, মোবাইল-০১৬৭৪৪২২৩৩২, মেসার্স টপ আপ, ৩৪৮/বি, তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা-কে আশতবাজি প্রদর্শনীর দায়িত্ব প্রদান করা হয়েছে। উক্ত প্রতিষ্ঠানের প্রতিনিধিগণ অনুষ্ঠানের নূন্যতম চারদিন পূর্বে জেলা প্রশাসকের সাথে এ বিষয়ে যোগাযোগ করে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন। জেলা প্রশাসকগণ পুলিশ প্রশাসন ও ফায়ার সার্ভিসের সাথে আলোচনা করে নিরাপত্তা ও সর্বসাধারনের দেখার জন্য সুবিধাজনক স্থান নির্ধারন করবেন এবং নির্ধারিত স্থানটি জনাব হাবিবুর রহমান শেখকে ৩ মে, ২০১৮ তারিখ অবশ্যই নিশ্চিত করবেন। জেলা প্রশাসকগণ আতশবাজি প্রদর্শনীর বিষয়ে ব্যাপক প্রচারের উদ্যোগ গ্রহণ করবেন। জেলা প্রশাসক ও পুলিশ প্রশাসনকে লক্ষ্য রাখতে হবে যে, আতশবাজির শব্দে জনগন যেন আতংকগ্রস্থ না হয়। আতশবাজি যদি অনুষ্ঠান উদযাপনের পূর্বেই সংশ্লিষ্ট জেলায় পৌঁছে যায় জেলা প্রশাসকগণ আতশবাজি নিরাপদ সংরক্ষনের ব্যবস্থা নিশ্চিত করবেন।

ঘ. জেলা প্রশাসকগণ তার দায়িত্বপ্রাপ্ত একজন কর্মকর্তাকে দিয়ে আতশবাজি সঠিকভাবে সরবরাহ হয়েছে কিনা; তা প্রত্যয়ন করে একটি প্রত্যয়ন পত্র ঠিকাদারের নিকট প্রদান করবেন (নমুনা অনুযায়ী)।

ঙ. বিভাগীয় শহরসমূহে জেলা প্রশাসকগণ বিভাগীয় কমিশনারগণের সাথে আলোচনাক্রমে তাদের উপস্থিতি ও সহযোগিতা গ্রহণ করে এই অনুষ্ঠানসমূহ উদযাপন করবেন।

চ. বাংলাদেশ কমিউনিকেশন স্যাটেলাইট কোম্পানির ওয়েবসাইটে (www.bcscl.com.bd) দুইটি অডিও ভিজ্যুয়াল দেওয়া হয়েছে। উক্ত অডিও ভিজ্যুয়াল লিংক থেকে তথ্য অফিসের সহায়তায় সংগ্রহ করে স্থানীয় হাট বাজার/জনসাধারনের জন্য উন্মুক্ত স্থানে বড় পর্দায় বহুল প্রচারের ব্যবস্থা গ্রহণ করতে হবে তা ০১ মে, ২০১৮ তারিখ থেকে প্রদর্শন করতে হবে।

ছ. জেলা প্রশাসকগণ অনুরূপ ভাবে আতশবাজি ব্যতীত অন্যান্য অনুষ্ঠানসমূহ উপজেলা পর্যায়ে পালনের জন্য স্থানীয় প্রশাসনকে নির্দেশনা প্রদান করবেন।

| জনপ্রশাসন মন্ত্রনালয় প্রশাসন-১ শাখা |
|---|
| ডাইরী নং.... ৪৯৬ |
| তারিখঃ ৩০/৪/১৮ |
| প্রশাসনিক কর্মকর্তা-১ |
| প্রশাসনিক কর্মকর্তা-২ |
| প্রশাসনিক কর্মকর্তা-৩ |
| প্রশাসনিক কর্মকর্তা-৪ |
| প্রশাসনিক কর্মকর্তা-৫ |

জ. বঙ্গবন্ধু স্যাটেলাইট-১ উৎক্ষেপণ প্রকল্প থেকে নিয়োজিত অপর একটি ঠিকাদারী প্রতিষ্ঠান জনাব মোঃ লুৎফর হোসাইন, মোবাইল-০১৮৩৩১৪৮৩১১, মেসার্স সিইএমএস, বীর উত্তম রফিকুল ইসলাম এ্যাভিনিউ, উত্তর বাড্ডা, ঢাকা বঙ্গবন্ধু স্যাটেলাইট-১ উৎক্ষেপণ অনুষ্ঠান প্রচারণার দায়িত্ব প্রদান করা হয়েছে। ঠিকাদারী প্রতিষ্ঠান আগামী ০১ মে, ২০১৮ তারিখের পূর্বে অবশ্যই জেলা প্রশাসকগণের কাছে তাঁর জেলা ও উপজেলায় প্রচারের জন্য প্রস্তুতকৃত যাবতীয় উপকরণ সরবরাহ নিশ্চিত করবেন।

ঝ. জেলা প্রশাসকগণ ০২ মে, ২০১৮ তারিখের মধ্যে উপজেলা নির্বাহী কর্মকর্তাগণের নিকট প্রচার উপকরণ পৌছানোর ব্যবস্থা গ্রহণ করবেন এবং জেলা প্রশাসক ও উপজেলা নির্বাহী কর্মকর্তাগণ তা প্রচারের ব্যবস্থা গ্রহণ করবেন।

ঞ. এছাড়াও ঠিকাদারী প্রতিষ্ঠান জনাব মোঃ লুৎফর হোসাইন, সিইএমএস, মোবাইল-০১৮৩৩১৪৮৩১১ গাজীপুর গ্রাউন্ড স্টেশন ও বেতবুনিয়া গ্রাউন্ড স্টেশন এবং বাংলাদেশ কমিউনিকেশন স্যাটেলাইট কোম্পানি লিমিটেড এর নিকট প্রচার উপকরণ সরবরাহ করবেন। তিনি গাজীপুরে জনাব মোঃ নাসিরউজ্জামান বনি, ব্যবস্থাপক, বিসিএসসিএল এবং বেতবুনিয়ায় জনাব আসিফ আহম্মেদ খান, ব্যবস্থাপক, বিসিএসসিএল এর নিকট প্রচার সামগ্রী হস্তান্তর করবেন।

০২। অনুষ্ঠানটি সফল করার জন্য সংশ্লিষ্ট সকলের ঐকান্তিক সহযোগিতা কাম্য।

(মোঃ সাইফুল ইসলাম)
অতিরিক্ত সচিব
ফোনঃ ৯৫১১১১৩

জেলা প্রশাসক (সকল)।

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলঃ(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)।

০১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়/মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা।
০২. সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৩. সচিব, তথ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৪. সচিব, জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৫. সচিব, সুরক্ষা সেবা বিভাগ,স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৬. পুলিশ মহাপরিদর্শক, বাংলাদেশ পুলিশ, ঢাকা (সকল পুলিশ সুপারকে প্রয়োজনীয় নির্দেশনা প্রদানের অনুরোধসহ)
০৭. চেয়ারম্যান, বিটিআরসি, রমনা, ঢাকা।
০৮. বিভাগীয় কমিশনার (সকল)।
০৯. মহাপরিচালক, র‍্যাপিড এ্যাকশন ব্যাটালিয়ান (র‍্যাব), র‍্যাব সদর দপ্তর, ঢাকা।
১০. মহাপরিচালক, বাংলাদেশ টেলিভিশন, রামপুরা, ঢাকা।
১১. প্রকল্প পরিচালক, বঙ্গবন্ধু স্যাটেলাইট উৎক্ষেপণ প্রকল্প, বিটিআরসি, রমনা, ঢাকা।